# বার্ষিক মূল্যায়ন নির্দেশিকা-২০২৪

## বিষয়: বিজ্ঞান

## শ্রেণি: অষ্টম

**(ক) শিক্ষকের জন্য প্রশ্নপত্র প্রণয়ন সংক্রান্ত নির্দেশনা**

**সিলেবাস:** অষ্টম শ্রেণির বার্ষিক মূল্যায়নের সিলেবাসে পাঁচটি অভিজ্ঞতা রাখা হয়েছে। একইসাথে এই পাঁচটি অভিজ্ঞতা সংশ্লিষ্ট অনুযায়ী অনুসন্ধানী পাঠের অধ্যায়সমূহ অন্তর্ভুক্ত থকবে।

**শিখনকালীন মূল্যায়ন:** শ্রেণি ও শ্রেণির বাহিরের শিক্ষার্থীর বিভিন্ন কাজের উপর ভিত্তি করে ধারাবাহিক মূল্যায়ন করা হবে। ধারাবাহিক মুল্যায়নের বিভিন্ন আইটেমকে ৩টি গ্রুপে ভাগ করে মূল্যায়ন করবেন প্রতিটি গ্রুপের বিভিন্ন কাজ বিবেচনায় নিয়ে ১০ নম্বর করে মোট ৩০ নম্বরের **শিখনকালীন মূল্যায়ন** করবেন। ধারাবাহিক মূল্যায়নের বিভিন্ন আইটেমের বিভাজন বিস্তারিত নির্দেশনায় (**'ঘ' অংশ- শিখনকলীন মূল্যায়ন: প্রশ্নের ধারা ও মানবণ্টন**) দেয়া আছে।

**সামষ্টিক মূল্যায়ন:** সামষ্টিক মূল্যায়ন হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। অনুসন্ধানী পাঠ বইয়ের সিলেবাস কতটুকু হবে, তা অনুচ্ছেদ নম্বর দিয়ে বুঝানো হয়েছে। বিজ্ঞান বিষয়ে ১০০ নম্বরের মধ্যে লিখিত পরীক্ষা নিয়ে প্রাপ্ত নম্বরকে ৭০ এর মধ্যে প্রাপ্ত নম্বরে রূপান্তর করতে হবে। বিজ্ঞান বিষয়ে বহু নির্বাচনী প্রশ্ন, এক কথায় উত্তর, সংক্ষিপ্ত প্রশ্ন, দৃশ্যপটবিহীন বিশ্লেষণধর্মী প্রশ্ন ও দৃশ্যপটনির্ভর বিশ্লেষণধর্মী প্রশ্ন ব্যবহার করে **সামষ্টিক মূল্যায়ন** নেয়া হবে।

**(খ) ২০২৪ সালের বার্ষিক পরীক্ষার সিলেবাস**

| ক্রমিক নম্বর | অভিজ্ঞতার নাম | সংশ্লিষ্ট বিষয়বস্তু (অনুসন্ধানী পাঠ) |
|---|---|---|
| ১ | যাযাবর পাখিদের সন্ধানে | অধ্যায়-৭: সূর্য, পৃথিবী ও চাঁদ (৭.১ থেকে ৭.৬.৩)<br>অধ্যায়-১১: ভৌগলিক স্থানাংক, স্থানিক সময় এবং অঞ্চলসমূহ (১১.১ থেকে ১১.৬)<br>অধ্যায়-১২: চুম্বক (১২.১ থেকে ১২.৪) |
| ২ | সবুজ বন্ধু | অধ্যায়-৪: কোষ বিভাজন ও তার রকমভেদ (৪.১ থেকে ৪.৩)<br>অধ্যায়-৫: উদ্ভিদের কোষ, টিস্যু ও তাদের বিশেষত্ব (৫.১ থেকে ৫.৪)<br>অধ্যায়-১০: জীবের শ্রেণিবিন্যাস পদ্ধতি (১০.১ থেকে ১০.২.২) |
| ৩ | ফিল্ড ট্রিপ | অধ্যায়-১: গতির কথা (১.১ থেকে ১.৪.৫)<br>অধ্যায়-২: শক্তি (২.১ থেকে ২.৫) |
| ৪ | আমাদের ল্যাবরেটরি | অধ্যায়-৩: পরমাণুর গঠন (৩.১ থেকে ৩.৪.১)<br>অধ্যায়-৮: রাসায়নিক বিক্রিয়া (৮.১ থেকে ৮.৫) |
| ৫ | জীবজগতের বংশলতিকা | অধ্যায়-৪: কোষ বিভাজন ও তার রকমভেদ (৪.১ থেকে ৪.৩) |

(গ) মূল্যায়ন কাঠামো

| ধারাবাহিক মূল্যায়ন | সামষ্টিক মূল্যায়ন |
|---|---|
| ৩০% | ৭০% |

**(ঘ) শিখনকালীন মূল্যায়ন: প্রশ্নের ধারা ও মানবণ্টন**

শ্রেণি ও শ্রেণির বাহিরের শিক্ষার্থীর বিভিন্ন কাজের উপর ভিত্তি করে ধারাবাহিক মূল্যায়ন করা হবে।

| আইটেমের নাম | নম্বর |
|---|---|
| **শ্রেণির কাজ/বইয়ের কাজ**<br>(সিলেবাসের অন্তর্ভুক্ত যেসব কাজ করানো হয়েছে এবং যেগুলো করানো হবে তা বিবেচনায় নিয়ে নম্বর প্রদান করবেন)<br>নমুনা: **মানচিত্রের সাহায্য নিয়ে বিভিন্ন দেশের অক্ষাংশ-দ্রাঘিমাংশ বের করা। (অনুশীলন বই, পৃষ্ঠা -০৬)** | ১০ |
| **বাড়ির কাজ/ অ্যাসাইনমেন্ট/প্রজেক্ট**<br>(সিলেবাসের অন্তর্ভুক্ত একটি কাজ করিয়ে নম্বর প্রদান করবেন)<br>নমুনা: **সারা বছর সূর্যের আলো পৃথিবীতে কীভাবে পড়ে তা পর্যবেক্ষণের জন্য কাগজের বাক্স তৈরি (অনুশীলন বই, পৃষ্ঠা ২৭ - ২৮)** | ১০ |
| **ব্যাবহারিক কাজ (পরীক্ষণ সংক্রান্ত)**<br>(সিলেবাসের অন্তর্ভুক্ত একটি ব্যাবহারিক কাজ করিয়ে নম্বর প্রদান করবেন)<br>নমুনা: **রাসায়নিক শক্তি থেকে বিদ্যুৎ শক্তি উৎপাদন সংক্রান্ত পরীক্ষণ (অনুশীলন বই, পৃষ্ঠা ৮৩ - ৮৪)** | ১০ |
| **মোট নম্বর** | ৩০ |

(ঙ) সামষ্টিক মূল্যায়ন: প্রশ্নের ধারা ও মানবণ্টন

<table>
<tr><th>বিভাগ</th><th colspan="2">আইটেমের নাম</th><th>প্রশ্নপত্রে মোট প্রশ্নের সংখ্যা</th><th>উত্তর দিতে হবে</th><th>প্রতিটি প্রশ্নের মান</th><th>মোট নম্বর</th><th>সময়</th></tr>
<tr><td rowspan="2">ক</td><td rowspan="2">নৈর্ব্যক্তিক প্রশ্ন</td><td>বহুনির্বাচনি প্রশ্ন</td><td>১৫</td><td>১৫</td><td>১</td><td>১×১৫=১৫</td><td rowspan="6">৩ ঘন্টা</td></tr>
<tr><td>এক কথায় উত্তর</td><td>১০</td><td>১০</td><td>১</td><td>১×১০=১০</td></tr>
<tr><td>খ</td><td colspan="2">সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন</td><td>১০</td><td>১০</td><td>২</td><td>২×১০=২০</td></tr>
<tr><td>গ</td><td colspan="2">রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটবিহীন)</td><td>৫</td><td>৩</td><td>৫</td><td>৫×৩=১৫</td></tr>
<tr><td>ঘ</td><td colspan="2">রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটনির্ভর)<br>প্রতিটি দৃশ্যপটের বিপরীতে দুটি অংশ থাকবে</td><td>৭</td><td>৫</td><td>৮</td><td>৮×৫=৪০</td></tr>
<tr><td colspan="6">মোট</td><td>১০০</td></tr>
</table>

সামষ্টিক মূল্যায়নে ১০০ নম্বরের মধ্যে পরীক্ষা নিয়ে প্রাপ্ত নম্বরকে ৭০ এর মধ্যে প্রাপ্ত নম্বরে রূপান্তর করতে হবে।

(চ) এটি একটি নমুনা প্রশ্নপত্র। এই নমুনা প্রশ্নপত্রের আলোকে আপনি এই বিষয়ে আপনার স্বকীয় প্রশ্নপত্র তৈরি করবেন। কোনোভাবেই নমুনা প্রশ্নপত্র হুবুহু ব্যবহার করা যাবে না।

**শ্রেণি: অষ্টম**

**বিষয়: বিজ্ঞান**

**সময়: ৩ ঘণ্টা** **পূর্ণমান: ১০০**

**ক বিভাগ- (নৈর্ব্যক্তিক প্রশ্ন)**

**(পূর্ণমান ২৫, প্রতিটি প্রশ্নের মান ১, সঠিক উত্তরটি খাতায় লিখ)**

**(বহুনির্বাচনি প্রশ্ন ১৫টি এবং এক কথায় উত্তর ১০টি)**

**বহুনির্বাচনি প্রশ্ন**

১. কোনটি দ্বিবীজপত্রী উদ্ভিদ?

ক. ধান খ. কচু গ. কলা ঘ. ধুতুরা

২. হাইড্রোজেনের আইসোটোপ ট্রিটিয়ামের নিউট্রন সংখ্যা কত?

ক. 4 খ. 3 গ. 2 ঘ. 1

৩. কার্বন ডাই অক্সাইডের যৌগে কার্বনের যোজনী কত?

ক. 2 খ. 4 গ. 6 ঘ. 12

৪. কোন তারিখে পৃথিবী, সূর্যের সবচেয়ে নিকটে থাকে ?

ক. 22 ডিসেম্বর খ. 3 জানুয়ারি গ. 21 মার্চ ঘ. 21 জুন

৫. একজন 70 kg ভরের মানুষ 50 kg ভরের বস্তা নিয়ে 2 m/s বেগে দৌড়াচ্ছে। তার গতিশক্তি কত?

ক. 440J খ. 340J গ. 240J ঘ. 180J

$$Mg(s) + 2HNO_3(aq) \longrightarrow A(aq) + H_2(g)$$

বিক্রিয়াটির আলোকে নিচের ৬ ও ৭ নম্বর প্রশ্নের উত্তর দাও।

৬. বিক্রিয়াটি কোন ধরনের?

ক. সংযোজন খ. বিযোজন গ. প্রতিস্থাপন ঘ. প্রশমন


৭. উৎপন্ন পদার্থ 'A' এর সংকেত কোনটি?

ক. $MgNO_3$ খ. $Mg(NO_3)_2$ গ. $Mg_2NO_3$ ঘ. $Mg_3(NO_3)_2$

৮. মিয়োসিস কোষ বিভাজনের কোন ধাপে একটি মাতৃকোষ দুটি অপত্য কোষে বিভক্ত হয়?

ক. মেটাফেজ-১ খ. মেটাফেজ-২ গ. প্রফেজ-১ ঘ. প্রফেজ-২

৯.




লেখচিত্রে সময়ের সাথে একটি গাড়ির বেগের পরিবর্তন দেখানো হয়েছে। 10s থেকে 20s পর্যন্ত গাড়িটির ত্বরণ কত $m/s^2$?

ক. 0 খ. 0.5 গ. 5 ঘ. 10

১০. পৃথিবীর কোন অঞ্চলে সূর্যের তাপ প্রবলভাবে পড়ে?

ক. মেরু খ. মকরক্রান্তীয় গ. কর্কটক্রান্তীয় ঘ. বিষুবীয়

১১. একক সময়ে কোনো বস্তুর বেগের বৃদ্ধিকে বলে -।

ক. সরণ খ. ত্বরণ গ. মন্দন ঘ. বিভব

১২. বল ও সরণের সম্পর্কিত করে কাজের গাণিতিক সমীকরণ কোনটি?

ক. $v = u + at$ খ. $v^2 = u^2 + 2as$ গ. $w = fs$ ঘ. $E = mgh$

১৩. কোনো মৌলের দুটি আইসোটোপের নিউক্লিয়াসে কোন মৌলিক কনিকা সমান থাকে?

ক. প্রোটন খ. নিউট্রন গ. ইলেকট্রন ঘ. মেসন

১৪. মানুষের প্রতিটি দেহকোষে ক্রোমোজমের সংখ্যা কত?

ক. ২৩টি খ. ২৩ জোড়া গ. অসংখ্য ঘ. ২টি

১৫. জাইলেম ও ফ্লোয়েমের মধ্যবর্তী টিস্যুকে কী বলে?

ক. কোলেনকাইমা খ. ক্যাম্বিয়াম গ. স্ক্লেরেনকাইমা ঘ. প্যারেনকাইমা

**এক কথায় উত্তর**

১৬. ধাতুর সাথে অ্যাসিডের বিক্রিয়ায় কোন গ্যাস উৎপন্ন হয়?

১৭. চন্দ্রগ্রহণের সময়ে সূর্য ও চাঁদের সাপেক্ষে পৃথিবীর অবস্থান কোথায়?

১৮. যে বিক্রিয়ায় দুই বা ততোধিক বিক্রিয়ক একত্রিত হয়ে একটি নতুন বিক্রিয়াজাত পদার্থ তৈরি করে তাকে কী বলে?

১৯. কার্বোনেট লবণের সাথে অ্যাসিডের বিক্রিয়ায় কোন গ্যাস উৎপন্ন হয়?

২০. যেসব উদ্ভিদের গর্ভাশয় থাকে না তাদেরকে কোন ধরনের উদ্ভিদ বলে?

২১. কোন স্তন্যপায়ী প্রাণী ডিম পারে?

২২. পৃথিবীর মানচিত্রে বাংলাদেশ বিষুব রেখার কোন দিকে অবস্থিত?

২৩. পরমাণুতে চৌম্বক ক্ষেত্র উৎপন্ন হওয়ার মূল কারণ কী?

২৪. অনিয়ন্ত্রিত কোষ বিভাজনের ফলে কোন রোগের সৃষ্টি হয়?

২৫. পরমাণুর তৃতীয় কক্ষপথে সর্বাধিক কতটি ইলেকট্রন থাকতে পারে?

## খ- বিভাগ (সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন)

**(পূর্ণমান ২০, ১০টি প্রশ্ন, প্রতিটি প্রশ্নের মান ২)**

১. সমদ্রুতিতে বৃত্তাকার পথে ঘূর্ণায়মান কোনো বস্তুর ত্বরণ ব্যাখ্যা করো।

২. প্রস্বেদন উদ্ভিদের একটি অত্যাবশ্যকীয় প্রক্রিয়া-ব্যাখ্যা করো।

৩. ক্যাটায়ন বা ধনাত্মক আয়ন সৃষ্টির প্রক্রিয়া উদাহরণসহ বুঝিয়ে লেখ।

৪. আন্তর্জাতিক তারিখ রেখা বলতে কী বুঝ?

৫. একটি বৈদ্যুতিক বাতির ক্ষমতা ১৫ ওয়াট বলতে কী বুঝায়?

৬. সমাঙ্গবর্গ উদ্ভিদ বলতে কী বুঝ? তাদের একটি বৈশিষ্ট্য লিখ।

৭. একটি উদাহরণসহ দহণ বিক্রিয়া ব্যাখ্যা করো।

৮. চিত্রসহ বলয় সূর্যগ্রহণ ব্যাখ্যা করো।

৯. পৃথিবী পৃষ্ঠে একক ভরের একটি বস্তুর ওজন ৭.৪ নিউটন-বুঝিয়ে লিখ।

১০. ধাপের নাম উল্লেখসহ কোষচক্রের ধারণা ব্যাখ্যা করো।

## গ- বিভাগ (দৃশ্যপটবিহীন বিশ্লেষণধর্মী রচনামূলক প্রশ্ন)

**(৫টি প্রশ্ন থেকে ৩টি প্রশ্নের উত্তর দিতে হবে, প্রতিটি প্রশ্নের মান ৫)**

১. মাইটোসিস কোষ বিভাজনের বিভিন্ন ধাপ একটি চিত্রের মাধ্যমে প্রকাশ করো।

২. পরমাণুর ইলেকট্রন বিন্যাসের ক্ষেত্রে $2n^2$ সূত্রের নিয়মাবলি লিখ। এই সূত্রের আলোকে সোডিয়াম (১১) পরমাণুর ইলেকট্রন বিন্যাস করো।

৩. সময় রাশি ($t$) বিহীন গতির সমীকরণ প্রতিপাদন করো।

৪. একটি উভলিঙ্গ ফুলের বিভিন্ন অংশ চিহ্নিত করাসহ চিত্র অংকন করো।

৫. অ্যানালেমা কী? অ্যানালেমার আকৃতি ইংরেজি আট (8) এর ন্যায় কেন?

## ঘ- বিভাগ (দৃশ্যপটনির্ভর বিশ্লেষণধর্মী রচনামূলক প্রশ্ন)

**(৭টি প্রশ্ন থেকে ৫টি প্রশ্নের উত্তর দিতে হবে, প্রতিটি প্রশ্নের মান ৮, তবে একটি প্রশ্ন দুইভাগে ভাগ করা যেতে পারে, প্রশ্নের মান ডানপাশে দেয়া আছে। নমুনা হিসেবে ৫টি প্রশ্ন দেয়া আছে।)**

১. তোমরা অষ্টম শ্রেণির চার বন্ধু মিলে ঠিক করলে, বিদ্যালয়ে টবে একটি মরিচ গাছ রোপন করবে। গাছ রোপন ও পরিচর্যা করার জন্য বন্ধুদের দায়িত্ব বণ্টনসহ একটি পরিকল্পনা প্রণয়ন করো। কোনো বন্ধুর দায়িত্ব পালনে অবহেলা করলে যেসব সমস্যা হতে পারে তা বুঝিয়ে লিখ। ০৮

২. দুই বন্ধু একটি খেলায় অংশগ্রহণ করে। একজন নির্দিষ্ট দিকে দৌড় দেয় এবং অপরজন সময় পরিমাপ করে। তাদের একজনের 5 সেকেন্ড, 10 সেকেন্ড, 15 সেকেন্ড, 20 সেকেন্ডে অতিক্রান্ত দূরত্ব যথাক্রমে 60 মিটার, 100 মিটার, 140 মিটার ও 250 মিটার।

ক. উপরের তথ্য থেকে সময়ের বিপরীতে অতিক্রান্ত দূরত্বের লেখচিত্র অংকন করো। ০৪

খ. ১০ থেকে ১৫ সেকেন্ডের মধ্যে দৌড়ানো বন্ধুর গতিবেগ নির্ণয় করো। ০৪

৩. $2NaI = 2Na + I_2$

যেখানে,


Na এর পারমাণবিক সংখ্যা = 11 এবং ভর সংখ্যা = 23

I এর পারমাণবিক সংখ্যা = 53 এবং ভর সংখ্যা = 131

ক. দৃশ্যপটের প্রচলিত আইসোটোপকে প্রতীক, পারমাণবিক সংখ্যা ও ভর সংখ্যার সাহায্যে প্রকাশ করে মানব কল্যাণে তার ব্যবহার লিখ। ০৩

খ. বিক্রিয়াটির ধরন ব্যাখ্যা করে দেখাও যে এই বিক্রিয়া ভরের সংরক্ষণ নীতি অনুসরণ করে। ০৫

৪.




চিত্রে পূর্ব থেকে পশ্চিম দিকে এবং উত্তর থেকে দক্ষিণ দিকে কিছু রেখা অংকন করা আছে।

ক. চিত্রে বাংলাদেশের উপর দিয়ে অতিক্রমকারী অক্ষরেখা ও দ্রাঘিমারেখার সংখ্যা উল্লেখ করে তা ব্যাখ্যা করো। ০৪

খ. বাংলাদেশের কেন্দ্র দিয়ে অতিক্রমকারী অক্ষরেখা ও দ্রাঘিমারেখার সংযোগ বিন্দুর অক্ষাংশ ও দ্রাঘিমাংশ লিখ। ০৪

৫. করিম সাহেব একটি ফলের গাছ রোপন করলেন। কিছুদিন পরে গাছে ফল ধরে, কিন্তু ফলের বীজ দেখা যায় না। ফল কেটে বীজ বের করে দেখলেন সহজে এটাকে সমান দুই অংশে ভাগ করা যায়।

ক. করিম সাহেব যে গাছ রোপন করেছিলেন সে শ্রেণির দু'টি ফলের নাম লিখ। ০২

খ. করিম সাহেবের গাছের শ্রেণিবিভাগ ব্যাখ্যা করো। ০৬

৬. .........

৭. .........

**(ছ) নৈর্ব্যক্তিক প্রশ্ন অংশের (২৫টির) উত্তর**

| বহুনির্বাচনি প্রশ্ন | | | এক কথায় উত্তর | |
|---|---|---|---|---|
| ১. ধুতুরা | ৬. প্রতিস্থাপন | ১১. ত্বরণ | ১৬. হাইড্রোজেন | ২১. প্লাটিপাস |
| ২. 2 | ৭. $Mg(NO_3)_2$ | ১২. w = fs | ১৭. সূর্য ও চাঁদের মধ্যবর্তী স্থানে | ২২. উত্তর দিকে |
| ৩. 4 | ৮. প্রফেজ-২ | ১৩. প্রোটন | ১৮. সংযোজন বিক্রিয়া | ২৩. ইলেকট্রনের ঘূর্ণন |
| ৪. 3 জানুয়ারি | ৯. 0 | ১৪. ২৩ জোড়া | ১৯. কার্বনডাই অক্সাইড | ২৪. ক্যান্সার |
| ৫. 240J | ১০. বিষুবীয় | ১৫. ক্যাম্বিয়াম | ২০. নগ্নবীজী উদ্ভিদ | ২৫. ১৮টি |

**(জ) মূল্যায়ন রুব্রিক্স**

খ- বিভাগ (সংক্ষিপ্ত প্রশ্ন)

১. সমদ্রুতিতে বৃত্তাকার পথে ঘূর্ণায়মান কোনো বস্তুর ত্বরণ ব্যাখ্যা করো। ০২

| প্রশ্নের পরিচিতি | নম্বর প্রদান নির্দেশিকা | নম্বর |
|---|---|---|
| ০১. সমদ্রুতিতে বৃত্তাকার পথে ঘূর্ণায়মান কোনো বস্তুর ত্বরণ ব্যাখ্যা করো। | ত্বরণের ধারণা লিখলে | ০১ |
| | ত্বরণের ধারণা ও ঘূর্ণায়মান বস্তুর ত্বরণের ব্যাখ্যা করলে | ০২ |

## গ- বিভাগ (প্রেক্ষাপটবিহীন রচনামূলক বিশ্লেষণধর্মী প্রশ্ন)

৩. সময় রাশি (t) বিহীন গতির সমীকরণ প্রতিপাদন করো। ০৫

| প্রশ্নের পরিচিতি | নম্বর প্রদান নির্দেশিকা | নম্বর |
|---|---|---|
| ০৩. সময় রাশি (t) বিহীন গতির সমীকরণ প্রতিপাদন করো। | গতি সংক্রান্ত রাশির পরিচিতি লিখলে | ০১ |
| | গতি সংক্রান্ত রাশির পরিচিতিসহ একটি গতির সমীকরণ লিখলে | ০২ |
| | গতি সংক্রান্ত রাশির পরিচিতিসহ দু'টি গতির সমীকরণ লিখলে | ০৩ |
| | গতি সংক্রান্ত রাশির পরিচিতিসহ দু'টি রাশি লেখা এবং প্রথম সমীকরণ বর্গ করলে | ০৪ |
| | গতি সংক্রান্ত রাশির পরিচিতিসহ দু'টি রাশি লেখা এবং প্রথম সমীকরণ বর্গ করে দ্বিতীয় সমীকরণের মান বসালে | ০৫ |

## ঘ- বিভাগ (প্রেক্ষাপটনির্ভর রচনামূলক বিশ্লেষণধর্মী প্রশ্ন)

৫. করিম সাহেব একটি ফলের গাছ রোপন করলেন। কিছুদিন পরে গাছে ফল ধরে, কিন্তু ফলের বীজ দেখা যায় না। ফল কেটে বীজ বের করে দেখলেন সহজে এটাকে সমান দুই অংশে ভাগ করা যায়।

ক. করিম সাহেব যে গাছ রোপন করেছিলেন সে শ্রেণির দু'টি ফলের নাম লিখ। ০২

খ. করিম সাহেবের গাছের শ্রেণিবিভাগ ব্যাখ্যা করো। ০৬

| প্রশ্নের পরিচিতি | নম্বর প্রদান নির্দেশিকা | নম্বর |
|---|---|---|
| ৫(ক) করিম সাহেব যে গাছ রোপন করেছিলেন সে শ্রেণির দু'টি ফলের নাম লিখ। | যেকোনো একটি উদাহরণ লিখলে | ০১ |
| | দু'টি উদাহরণ লিখলে | ০২ |
| ৫(খ) করিম সাহেবের গাছের শ্রেণিবিভাগ ব্যাখ্যা করো। | সপুস্পক, আবৃতবীজী ও দ্বিবীজপত্রী উদ্ভিদ ৩টি বিষয়ের যেকোনো ১টি শনাক্ত করলে | ০১ |
| | সপুস্পক, আবৃতবীজী ও দ্বিবীজপত্রী উদ্ভিদ ৩টি বিষয়ের যেকোনো ১টি শনাক্ত করে বুঝিয়ে লিখলে। অথবা দু'টি বিষয় শনাক্ত করলে। | ০২ |
| | সপুস্পক, আবৃতবীজী ও দ্বিবীজপত্রী উদ্ভিদ ৩টি বিষয়ের যেকোনো ২টি শনাক্ত করে ১টি বুঝিয়ে লিখলে। অথবা ৩টি বিষয় শনাক্ত করলে। | ০৩ |
| | সপুস্পক, আবৃতবীজী ও দ্বিবীজপত্রী উদ্ভিদ ৩টি বিষয়ের যেকোনো ২টি শনাক্ত করে ২টি বুঝিয়ে লিখলে। অথবা ৩টি বিষয় শনাক্ত করে ১টি বুঝিয়ে লিখলে। | ০৪ |
| | সপুস্পক, আবৃতবীজী ও দ্বিবীজপত্রী উদ্ভিদ ৩টি বিষয়ের ৩টি শনাক্ত করে যেকোনো ২টি বুঝিয়ে লিখলে। | ০৫ |
| | সপুস্পক,আবৃতবীজী ও দ্বিবীজপত্রী উদ্ভিদ শনাক্ত করে ৩টিই বুঝিয়ে লিখলে। | ০৬ |